বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সমবায় শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১৫.১৯.৫৫ তারিখ: ২৯ কার্তিক ১৪২৬
১৪ নভেম্বর ২০১৯

বিষয়: **গাজীপুর জেলাধীন কালিয়াকৈর ইউসিসিএ লি. এর জনবল নিয়োগের অনুমোদন।**

সূত্র: উপপরিচালক, বিআরডিবি, গাজীপুর এর পত্র নং- ৫৮৬, তারিখঃ ০৩/০৯/২০১৯খ্রি.।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন গাজীপুর জেলার কালিয়াকৈর ইউসিসিএ লি. এর জনবল নিয়োগ প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বর্ণিত শর্তাধীনে মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক ০১ (এক) জন পরিদর্শক নিয়োগের অনুমোদন প্রদান করা হলোঃ

শর্তাবলী

ক) নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ'র কর্মচারীদের জন্য পরিদর্শক পদের নির্ধারিত বেতন স্কেলে (১৪তম গ্রেড) বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য এবং ইতঃপূর্বে বিআরডিবি'র বিভিন্ন স্মারক মূলে নির্দেশিত অর্থ হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন-ভাতাদি পরিশোধ করতে হবে।

খ) এ অনুমোদনের ফলে নিয়োগকৃত কর্মচারী, বিআরডিবি'র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্তি কিংবা বিআরডিবি'র চাকরির জন্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।

গ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০৫.০৬.৬৮৬, তারিখঃ ১৬/০১/২০১৯খ্রি. মূলে জারিকৃত ইউসিসিএ কর্মচারীদের মডেল প্রবিধানমালা/ ২০১৮ এর সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ সম্পন্ন করতে হবে এবং নিয়োগপ্রাপ্ত জনবলের তালিকা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

ঘ) নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি স্থানীয় দৈনিকে প্রকাশসহ ব্যাপক প্রচার করতে হবে এবং বিজ্ঞপ্তির ছায়ালিপি সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

ঙ) এ অনুমোদন ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

২। এছাড়া ইউসিসিএ'র মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়সহ আবর্তক তহবিলের ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করার লক্ষ্যে অফিস সহকারীকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ইউসিসিএ'র মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়সহ আবর্তক তহবিলের ঋণ বিতরণ ও আদায়ের ব্যবস্থা গ্রহণের দায়িত্ব প্রদান এবং সদর দপ্তরের স্মারক ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০০৫.০৬. ১৪১১, তারিখঃ০৮/০২/২০১৬খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক ইউসিসিএ'তে কর্মরত সকল কর্মচারীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮-১১-২০১৯
আবদুর রশিদ
পরিচালক
ফোন: +৮৮০২৮১৮০০০৬
ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), গাজীপুর

ইমেইল: drfs@brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১৫.১৯.৫৫/১(২)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৬
১৪ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

১৮-১১-২০১৯
সুকুমার চন্দ্র দাস
যুগ্মপরিচালক